

ফাইন্যান্সিয়াল স্ট্যাবিলিটি ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

১১ সেপ্টেম্বর, ২০১৪

এফএসডি সার্কুলার লেটার নং-০১

তারিখ: -----

২৭ ভাদ্র, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ত্রৈমাসিক ভিত্তিতে সম্পদ ও দায় এবং লাভ-ক্ষতির বিবরণী দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইস্যুকৃত জুন ৩০, ২০১৪ তারিখের **এফএসডি সার্কুলার নং-০২** এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উল্লেখিত সার্কুলার জারীর পর কোন কোন ব্যাংক কনসলিডেটেড বিবরণী দাখিল করছে। আবার কোন কোন ব্যাংক ত্রৈমাসিক ভিত্তিতে লাভ-ক্ষতির বিবরণী দাখিল করলেও ভিত্তি তারিখে এক বছরের লাভ-ক্ষতির বিবরণী দাখিল করছে। এছাড়া, কতিপয় ব্যাংক কর্তৃক ত্রৈমাসিকের পাশাপাশি অর্ধ বার্ষিক বিবরণীও দাখিল করা হচ্ছে। এতে ব্যাংকিং খাতের জন্য সমন্বিত বিবরণী প্রস্তুত করতে সমস্যা দেখা দিচ্ছে। উদ্ভূত সমস্যা নিরসনকল্পে তফসিলি ব্যাংকগুলো কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিতে লাভ-ক্ষতির বিবরণী দাখিলের ক্ষেত্রে শুধুমাত্র সংশ্লিষ্ট ত্রৈমাসিকের লাভ-ক্ষতি (সলো ভিত্তিতে অর্থাৎ শুধুমাত্র ব্যাংকের) রিপোর্ট করতে হবে এবং নিম্নোক্ত সময়সীমা অনুসরণ করতে হবে:

ত্রৈমাসিক	লাভ-ক্ষতি সংক্রান্ত বিবরণীর সময়কাল	সম্পদ ও দায় সংক্রান্ত বিবরণীর ভিত্তি তারিখ	বিবরণী দাখিলের সময়সীমা
মার্চ	জানুয়ারি ০১- মার্চ ৩১	৩১শে মার্চ	পরবর্তী মাসের শেষ কর্মদিবস
জুন	এপ্রিল ০১-জুন ৩০	৩০শে জুন	পরবর্তী মাসের শেষ কর্মদিবস
সেপ্টেম্বর	জুলাই ০১-সেপ্টেম্বর ৩০	৩০শে সেপ্টেম্বর	পরবর্তী মাসের শেষ কর্মদিবস
ডিসেম্বর	অক্টোবর ০১-ডিসেম্বর ৩১	৩১শে ডিসেম্বর	পরবর্তী মাসের শেষ কর্মদিবস

এছাড়া, মার্চ/২০১৪, জুন/২০১৪ এবং সেপ্টেম্বর/২০১৪ এ সমাপ্ত ৩টি ত্রৈমাসিকের সম্পদ ও দায় এবং লাভ-ক্ষতি সংক্রান্ত বিবরণী (সলো ভিত্তিতে) এর একটি করে কপি একত্রে ৩০শে অক্টোবর ২০১৪ এর মধ্যে দাখিলের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(দেবাশিস্ চক্রবর্তী)

মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৭৯